# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ১৪.১০.২০২৫

<u>প্রেস রিলিজ</u>

## পাবিপ্রবি'র রোভার স্কাউটের তাঁবু হস্তান্তর অনুষ্ঠান

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের আয়োজনে আজ মঙ্গলবার (১৪ অক্টোবর) 'তাঁবু হস্তান্তর অনুষ্ঠান-২০২৫' সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এক্সাম হল ভবনে সকাল ১১টায় অনুষ্ঠান হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল, বিশেষ অতিথি অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, পাবনা রেড ক্রিসেন্ট ইউনিটের সদস্য মো. মনিরুল ইসলাম এবং ইউনিট কর্মকর্তা মাহমুদা মুন্সী।

পাবিপ্রবি'র রোভার স্কাউট গ্রুপকে পাবনা রেড ক্রিসেন্ট ইউনিট থেকে তাঁবু প্রদান করে এবং বিশ্ববিদ্যালয় থেকে প্রজেক্টর প্রদান করা হয়।

আরও উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মো. রাশেদুল হক, পাবিপ্রবি'র রোভার স্কাউট লিডার অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ্'সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাবিপ্রবি'র রোভার স্কাউটের সম্পাদক ড. জিন্নাত রেহানা।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল বলেন, আমাদের রোভাররা বেশ ভালো কাজ করছেন এবং তারা ভালো লাগার জায়গা থেকেই কাজগুলো করছেন। তোমাদের দায়িত্ব অনেক, সেগুলো সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। স্কাউটিংয়ের মতো এক্সট্রা কারিকুলার কাজকে বিদেশের বিশ্ববিদ্যালয়গুলোও অনেক গুরুত্ব দিয়ে থাকে। এই দক্ষতাগুলো একসময় ক্যারিয়ার গঠনে কাজে লাগবে। তোমরা সততা (ইন্টেগ্রিটি) দিয়ে কাজ করবে। আমরা সবাই মিলে বিশ্ববিদ্যালয়কে একটা অবস্থানে পৌঁছে দেওয়ার জন্য কাজ করছি।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, 'আমাদের রোভাররা অক্লান্ত পরিশ্রম করছেন। রোভার স্কাউটের মাধ্যমে নিজেকে গড়ে তোলা ও সমাজকে সেবা প্রদান করতে হবে। নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের সুনাম বয়ে আনতে হবে। দেশের সেবার জন্য আরও বেশি করে ভালো কাজ করা এবং তোমাদের মধ্যে সততা থাকতে হবে। তিনি রোভারদের সকল সুযোগ-সুবিধার বিষয়ে আশ্বাস প্রদান করেন।'

*১৪.১০.২০২৫*


(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।